11

দৈনিক সংবাদ

তারিখ ... 24 JUL 1997 ...
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৩ ...

# জাতীয় গ্রন্থনীতি বাস্তবায়নে কোন উদ্যোগ নেই

( নিজস্ব বার্তা পরিবেশক )

জাতীয় গ্রন্থনীতি বাস্তবায়নের জন্য গত সাড়ে তিন বছরেও কার্যকর উদ্যোগ গ্রহণ করা হয়নি। বর্তমান সরকার ক্ষমতায় আসার পর গত ১ বছরে গ্রন্থনীতি বাস্তবায়ন কমিটির কোন বৈঠক অনুষ্ঠিত হয়নি। অথচ সিদ্ধান্ত ছিল প্রতি মাসে ১টি বৈঠক করার।

স্বাধীনতা উত্তর বাংলাদেশে শিল্প-সাহিত্য ও প্রকাশনা শিল্পের আশাপ্রদ উন্নতি হলেও লেখক প্রকাশকদের দীর্ঘদিনের দাবি ছিল একটি জাতীয় গ্রন্থনীতি প্রণয়ন করার।

বিএনপি সরকার ক্ষমতায় এসে ১৯৯১ সালের ডিসেম্বর মাসে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া জাতীয় গ্রন্থনীতি প্রণয়ন করার ঘোষণা দেন। '৯২ সালের আগস্ট মাসে গ্রন্থনীতি প্রণয়নের জন্য সংস্কৃতি মন্ত্রণালয় ১টি কমিটি গঠন করে। পরে মূল কমিটির অধীনে আরো ৭টি উপ-কমিটি গঠন করা হয়। সবগুলো কমিটি ৪ মাস ধরে ৩২টি বৈঠকে মিলিত হয়ে জাতীয় গ্রন্থনীতি প্রণয়ন করে। '৯৪ সালের ২৮শে ফেব্রুয়ারি মন্ত্রিপরিষদ জাতীয় গ্রন্থনীতি অনুমোদন করে। '৯৪-এর ২রা মার্চ তৎকালীন সংস্কৃতি প্রতিমন্ত্রী অধ্যাপিকা জাহানারা বেগম এক সাংবাদিক সম্মেলনে জাতীয় গ্রন্থনীতি ঘোষণা করেন।

তারপর '৯৪ থেকে '৯৭-এর এই জুলাই মাস পর্যন্ত দীর্ঘ সাড়ে তিন বছর কেটে গেলেও ঘোষিত গ্রন্থনীতি বাস্তবায়িত হয়নি।

জাতীয় গ্রন্থনীতির ৩৪ নং ধারায় গ্রন্থনীতি বাস্তবায়নের জন্য একটি বাস্তবায়ন কমিটি গঠনের বিধান রাখা হয়েছে। কিন্তু এই কমিটি গঠন করা হয়েছে দীর্ঘ ৬ মাস পর। এই কমিটি গত তিন বছরে ২/৩টি বৈঠক করা ছাড়া আর কিছুই করতে পারেনি। কমিটির ১ম বৈঠকে গ্রন্থাগার আইন প্রণয়নের জন্য একটি উপকমিটি গঠন করা হয়।